**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 12-03-2026** **Desk in Charge : Kalyan L.**

**Time : 1-40 P.M** **Compiling: Priya B.**

**DEO: KB** **NRT : Priya Biswakarma**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১) রবীন্দ্র নারায়ণ রবি আজ পশ্চিমবঙ্গের ২২-তম রাজ্যপাল হিসাবে শপথ নিয়েছেন।

২) এসআইআর প্রক্রিয়া নিয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল আজ ফের সব পক্ষের সঙ্গে বৈঠকে বসছেন।

৩) ইরান ভারতের পতাকাবাহী ট্যাঙ্কারগুলিকে হরমুজ প্রণালী দিয়ে চলাচলের অনুমতি দিয়েছে।

৪) ঘরোয়া এবং বাণিজ্যিক গ্যাসের বর্তমান পরিস্থিতির নিয়ে রাজ্য সরকার আজ নবান্নে বৈঠকে বসতে চলেছে।

৫) উচ্চ প্রাথমিকে অবিলম্বে নিয়োগের দাবিতে আজ বিকাশ ভবন অভিযান শুরু করেছেন চাকরিপ্রার্থীদের একাংশ।

৬) ঐতিহাসিক লবণ সত্যাগ্রহ আন্দোলনের স্মরণে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

***************************************************************************

রবীন্দ্র নারায়ণ রবি আজ পশ্চিমবঙ্গের ২২ তম রাজ্যপাল হিসাবে শপথ নিয়েছেন। লোক ভবনের সর্দার প্যাটেল ইউনিটি হলে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল তাঁকে পদ ও মন্ত্রগুপ্তির শপথ বাক্য পাঠ করান।

( বাইট- আর এন রবি)

উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মিনা, রাজ্য মন্ত্রিসভার একাধিক সদস্য, বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু, বিভিন্ন দূতাবাসের প্রতিনিধিরা। এর আগে নতুন রাজ্যপালকে প্রথামাফিক গার্ড অফ অর্নার দেওয়া হয়। শপথ গ্রহণের পরই মুখ্যমন্ত্রী সহ অন্যান্যদের সঙ্গে সাক্ষাৎ করেন নবনিযুক্ত রাজ্যপাল।

উল্লেখ্য গত ৫ই মার্চ ডক্টর সি ভি আনন্দ বোস পদত্যাগ করার পর নতুন রাজ্যপাল হিসাবে আর এন রবির নাম ঘোষণা করা হয়। এর আগে তিনি নাগাল্যান্ড, মেঘালয় এবং তামিলনাড়ুর রাজ্যপাল হিসাবেও দায়িত্ব পালন করেছেন।

************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন- SIR প্রক্রিয়া নিয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল আজ ফের সব পক্ষের সঙ্গে বৈঠক করবেন বলে জানা গেছে। সন্ধ্যায় কলকাতা হাইকোর্টে ওই বৈঠকে উপস্থিত থাকবেন রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, পুলিশের মহানির্দেশক পীযূষ পান্ডে, কলকাতা পুলিশ কমিশনার সুপ্রতিম সরকার এবং নির্বাচন কমিশনের প্রতিনিধিরা।

১০ মার্চ সুপ্রিমকোর্ট SIR প্রক্রিয়া নিয়ে যে একাধিক নির্দেশ দিয়েছে সেবিষয়ে আলোচনার পাশাপাশি অতিরিক্ত তালিকা প্রকাশের বিষয়টিও বৈঠকে উঠতে পারে বলে সূত্রের খবর।

************************

ইরান ভারতের পতাকাবাহী ট্যাঙ্কারগুলিকে হরমুজ প্রণালী দিয়ে চলাচলের অনুমতি দিয়েছে। বিদেশ মন্ত্রী এস. জয়শঙ্কর এবং ইরানের বিদেশ মন্ত্রী আব্বাস আরাঘচির মধ্যে আলোচনার পর এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর ফলে ভারতীয় ট্যাঙ্কার **পুষ্পক ও পরিমল** নিরাপদে হরমুজ প্রণালী দিয়ে পেরিয়েছে। যদিও মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপ ও ইসরায়েলের জাহাজগুলি এখনও বিধিনিষেধের আওতায় রয়েছে।

মঙ্গলবার দুই দেশের বিদেশ মন্ত্রীর মধ্যে আলোচনায় পশ্চিম এশিয়ার পরিস্থিতি এবং হরমুজ প্রণালী দিয়ে জাহাজ চলাচল মূল আলোচ্য বিষয় হিসাবে উঠে আসে। ইজরায়েল-আমেরিকা- ইরান যুদ্ধ শুরু হওয়ার পর এটি দুই বিদেশ মন্ত্রীর মধ্যে তৃতীয় বৈঠক।

এশিয়ার তৃতীয় বৃহত্তম অর্থনীতি ভারত হরমুজ প্রণালীর ওপর ব্যাপকভাবে নির্ভরশীল, কারণ এর মাধ্যমে দেশের অর্ধেকেরও বেশি অপরিশোধিত তেল ও প্রাকৃতিক গ্যাস আমদানি হয়। জাহাজ চলাচল মহানির্দেশালয়ের তথ্য অনুযায়ী, সংঘাত শুরু হওয়ার পর থেকে ২৮টি ভারতীয় পতাকাবাহী জাহাজ হরমুজ প্রণালীতে বা তার আশেপাশে চলাচল করছে।

************************

পশ্চিম এশিয়ায় যুদ্ধ পরিস্থিতির জেরে ঘরোয়া এবং বাণিজ্যিক গ্যাসের বর্তমান অবস্থা নিয়ে রাজ্য সরকার আজ নবান্নে বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নেতৃত্বে এই বৈঠকে বিভিন্ন দফতরের আধিকারিক ও পুলিশ প্রশাসনের শীর্ষ নেতৃত্বকে ভার্চুয়ালি উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, গ্যাস নিয়ে কালো বাজারি রুখতে পুলিশ প্রশানকে নজরদারি বাড়ানোর নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

অন্যদিকে, শাসক দল তৃণমূল কংগ্রেস পরিকল্পনামাফিক রাজ্যে গ্যাসের কৃত্রিম অভাব তৈরী করছে বলে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেছেন।

( বাইট- শমীক )

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল আসামের গুয়াহাটি থেকে ‘PM কিষাণ সম্মান নিধি’ প্রকল্পের ২২তম কিস্তি প্রদান করবেন। কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ সকালে নতুন দিল্লীতে সংবাদমাধ্যমকে একথা জানিয়েছেন।

তিনি বলেন, প্রধানমন্ত্রী মোদি প্রায় ৯ কোটি ৩২ লক্ষ কৃষকের অ্যাকাউন্টে সরাসরি ১৮ হাজার ৬৪০ কোটি টাকা পৌঁছে দেবেন। ইতিমধ্যেই এই প্রকল্পের আওতায় কৃষকদের কাছে ৪ লক্ষ ৯ হাজার কোটি টাকারও বেশি অর্থ পৌঁছেছে। শ্রী চৌহান আরও জানান, আগামী কিস্তি প্রদানের পর মোট প্রদত্ত অর্থের পরিমাণ ৪ লক্ষ ২৭ হাজার কোটি টাকা ছাড়িয়ে যাবে।

তিনি বলেন, দেশের খাদ্যশস্য উৎপাদন ২০১৪ সালের ২৫২ মিলিয়ন টন থেকে বেড়ে ২০২৫ সালে প্রায় ৩৫৭ মিলিয়ন টনে পৌঁছেছে। একই সময়ে উদ্যানপালনেও উল্লেখযোগ্য বৃদ্ধি হয়েছে। এই ক্ষেত্রে উৎপাদন ২৭৭ মিলিয়ন টন থেকে বেড়ে প্রায় ৩৬৯ মিলিয়ন টনে দাঁড়িয়েছে।

মন্ত্রী আরও বলেন, ফল ও সবজির উৎপাদনও ধারাবাহিকভাবে বাড়ছে। কৃষকদের সহায়তায় সরকার ইতিমধ্যেই ভারত বিস্তার নামে একটি এআই-ভিত্তিক ডিজিটাল প্ল্যাটফর্ম চালু করেছে বলে কৃষি মন্ত্রী জানিয়েছেন। এর প্রথম পর্যায়ে কৃষকরা ফোন কলের মাধ্যমে নিজেদের ভাষায় কৃষি-সংক্রান্ত নানা তথ্য ও পরামর্শ পেতে পারবেন।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি **আগামী শনিবার** রাজ্যে আসছেন। ঐদিন দুপুরে অসমের শিলচর থেকে কলকাতায় আসার পর ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে দুটি প্রশাসনিক ও রাজনৈতিক কর্মসূচিতে তাঁর অংশ নেওয়ার কথা। সরকারি সূত্রে জানা গেছে , প্রথমে তিনি এক সরকারি অনুষ্ঠানে রাজ্যের জন্য বিভিন্ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন, উদ্বোধন এবং জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। এরপর পাশের রাজনৈতিক মঞ্চে বিজেপির একটি জনসভায় যোগ দেবেন।

জনসভা শেষে ব্রিগেড থেকে হেলিকপ্টারে কলকাতা বিমানবন্দরে পৌঁছে সেখান থেকে দিল্লির উদ্দেশে রওনা হবেন।

***************************

আজকের প্রসঙ্গে আজ শুনবেন আলোচনা *রাইসিনা ডায়ালগ*। অধ্যাপক অনীক চ্যাটার্জীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।
আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ও DTH প্রচার তরঙ্গ এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

**************************

উচ্চ প্রাথমিকে ১ হাজার ২৪১ জনের অবিলম্বে নিয়োগের দাবিতে আজ বিকাশ ভবন অভিযান শুরু করেছেন চাকরিপ্রার্থীদের একাংশ। পশ্চিমবঙ্গ আপার প্রাইমারি চাকরিপ্রার্থী মঞ্চের এই কর্মসূচিকে কেন্দ্র করে বিকাশ ভবন চত্বরে উত্তেজনা সৃষ্টি হয়। পুলিশ বিক্ষোভকারীদের পথ আটকালে দুপক্ষের ধস্তাধস্তি বাধে। আন্দোলনকারীরা এড়পোড় রাস্তায় বসেই বিক্ষোভ দেখাতে থাকেন। তাদের দাবি, কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের নির্দেশ সত্ত্বেও উচ্চ প্রাথমিকে এখনো ১ হাজার ২৪১ জনের কাউন্সেলিং হয়ে নিয়োগপত্র পাওয়া বাকি আছে।

**************************

ঐতিহাসিক লবণ সত্যাগ্রহ আন্দোলনের স্মরণে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। পরাধীন ভারতে ব্রিটিশ শাসকদের একচেটিয়া লবণ আইন অমান্য করার ডাক দেন গান্ধীজি। তিনি ১৯৩০ সালের ১২ মার্চ গুজরাটের সবরমতি আশ্রম থেকে ডান্ডি পর্যন্ত ২৪১ মাইল ঐতিহাসিক লবণ সত্যাগ্রহ বা ডান্ডি পদযাত্রা করেন, যা ঐতিহাসিক ডান্ডি মার্চ নামেও পরিচিত। ৬ এপ্রিল ডান্ডিতে পৌঁছে সমুদ্র উপকূলে লবণ তৈরি করে গান্ধীজি ব্রিটিশদের একচেটিয়া লবণ আইন ভঙ্গ করেন।

ঐতিহাসিক ডান্ডি যাত্রার স্মৃতিতে স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

**************************

রাজ্যের ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প এবং বস্ত্র দপ্তরের অন্তর্গত খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদের উদ্যোগে আজ কলকাতার হেমন্ত ভবনে একটি বিশেষ কর্মশালার আয়োজন করা হয়েছে। বস্ত্র শিল্পের উন্নয়নে ট্রান্সলেশনাল প্রযুক্তি (translational technology) 'র

প্রয়োগ সংক্রান্ত বিষয়ে আলোচনা হচ্ছে। এর মধ্যে চরখায় খাদির সুতো তৈরীর সময় সুতো আরও মজবুত করা, খাদি সামগ্রীতে প্রাকৃতিক ও পরিবেশ বান্ধব রঙের ইত্যাদি বিষয়ের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে বলে দপ্তরের কর্মকর্তা দেবর্ষি রায় জানান।

*************************

দক্ষিণ ২৪ পরগণার গঙ্গাসাগরে বিজেপি কর্মী ত্রিলোকেশ ঢালির গুলিবিদ্ধ হওয়ার পুলিশ একজনকে গ্রেপ্তার করেছে। দক্ষিণ হারাধনপুরের বাসিন্দা ধৃত পরিতোষ প্রামাণিককে আজ কাকদ্বীপ মহকুমা আদালতে তোলা হচ্ছে। টাকার লেনদেন নিয়ে বিবাদের জেরে এই ঘটনা বলে পুলিশের দাবি। যদিও আততায়ী এখনও পলাতক।

উল্লেখ্য, গতকাল সকালে গঙ্গাসাগর বাসস্ট্যান্ডের কাছে তাকে লক্ষ্য করে গুলি চালায় এক দুষ্কৃতী। কলকাতার একটি হাসপাতালে তিনি চিকিৎসাধীন। গতরাতে পরিবারের পক্ষ থেকে গঙ্গাসাগর উপকূল থানায় অভিযোগ দায়ের করা হয়।

এদিকে, আজও এই ঘটনার প্রতিবাদে পথে নামছে বিজেপি। দলের নেত্রী লকেট চট্টোপাধ্যায় সাগরে আজ ঐ বিজেপি কর্মীর বাড়িতে যাবেন বলে খবর।

*************************

কোচবিহারের বকশি বাড়ি এলাকায় পারিবারিক বিবাদের জেরে স্ত্রীকে পুড়িয়ে মারার অভিযোগ উঠেছে স্বামীর বিরুদ্ধে। অভিযুক্ত নিজেও অগ্নিদগ্ধ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। প্রকাশ্য রাস্তায় এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালের নার্স ছন্দা রায়ের গায়ে স্বামী রঞ্জিত রায় পেট্রল ঢেলে আগুন লাগিয়ে দেয় বলে অভিযোগ। এইসময় অগ্নিদগ্ধ হয় অভিযুক্তও। ঘটনাস্থলেই মৃত্যু হয় স্ত্রীর। স্থানীয়েরা রঞ্জিতকে উদ্ধার করে কোচবিহার মেডিক্যাল কলেজে ভর্তি করান।

*************************

মুর্শিদাবাদের কান্দিতে কংগ্রেসের প্রাক্তন বিধায়ক শফিউল আলম খান তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন। ২০১৯ সালে বিধানসভা উপনির্বাচনে কংগ্রেসের টিকিটে

জয়ী হয়েছিলেন শফিউল আলম খান। ২০২১ সালে কংগ্রেসের টিকিটে প্রতিদ্বন্দ্বিতা করলেও জিততে পারেননি তিনি।

************************

কেরলমে কাজে গিয়ে দেওয়াল চাপা পড়ে আহত মুর্শিদাবাদের বাসিন্দা আরও এক পরিযায়ী শ্রমিকের মৃত্যু হয়েছে। গত দোসরা মার্চ মাটি খোড়ার কাজ করার সময়ে দেওয়াল চাপা পড়ে মৃত্যু হয়েছিল সাগরপাড়ার কাটাবাড়ি এলাকার পরিযায়ী শ্রমিক মহম্মদ মহাবুল ইসলামের। গুরুতর জখম হয়েছিলেন তার ভাই সাইফুল মণ্ডল। হাসপাতালে চিকিৎসা অবস্থায় গতকাল তারও মৃত্যু হয়।

************************

মুর্শিদাবাদের বহরমপুর বাসস্ট্যান্ড থেকে হেরোইন তৈরির কাঁচামাল-সহ তিনজনকে পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃত সাহাবুদ্দিন শেখ, আনারুল শেখ ও নাসিরুদ্দিনের কাছ থেকে সাড়ে ৪০০ গ্রাম হেরোইন তৈরির কাঁচামাল উদ্ধার করা হয়েছে। এর আনুমানিক বাজারমূল্য প্রায় ২৫ লক্ষ টাকা।

************************

বাংলাদেশ এবং সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর ঘূর্ণাবর্ত এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় উত্তরবঙ্গের কয়েকটি জায়গায় আজ ভারী বৃষ্টির পূর্বাভাস। আগামী দুদিন উত্তরবঙ্গে বিস্তীর্ণ এলাকায় বিক্ষিপ্তভাবে বৃষ্টি হবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট-হাবিবুর)

গতকাল উত্তর দিনাজপুরের রায়গঞ্জে ৯৫.৬ মিলিমিটার বৃষ্টির রেকর্ড করা হয়, দক্ষিণ দিনাজপুরের মাঝিহানে ৬৪.৮ মিলিমিটার এবং দার্জিলিং-এর বাগডোগরায় ৩৮.৬ মিলিমিটার বৃষ্টির রেকর্ড করা হয়েছে।

আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই দশমিক সাত ডিগ্রী কম। দক্ষিণবঙ্গে আগামী তিন

চারদিনে তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পাওয়ায় সম্ভাবনা থাকলেও উত্তরবঙ্গে তাপমাত্রার বিশেষ পরিবর্তন হবে না।

************************************************************************